

১০/১০/০৭
২২

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঘটনায় প্রধান উপদেষ্টার দুঃখ প্রকাশ বিচার বিভাগীয় তদন্তের সিদ্ধান্ত : ক্যাম্পাস থেকে সেনাক্যাম্প অপসারণের কাজ শুরু

স্টাফ রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয়ে সংঘটিত দুদিনের ভয়াবহ সংঘর্ষের ঘটনায় সাধারণ ছাত্রছাত্রীদের দাবীর প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে ত্বরিত গতিতে সেনাক্যাম্প প্রত্যাহার করে নেয়া এবং ঘটনার জন্য প্রকৃত দোষী ব্যক্তিদের চিহ্নিত করে শাস্তি প্রদানের লক্ষ্যে বিচার বিভাগীয় তদন্ত চালানোসহ তিনটি সিদ্ধান্ত নিয়েছে তৎকালীন তত্ত্বাবধায়ক সরকার। গতকাল রাত আটটা থেকে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে সেনাক্যাম্প অপসারণের কাজ শুরু করা

হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে স্টুডেন্টসকে দুদিনের হিসেবে উল্লেখ করে সরকারের প্রকৃ থেকে দুঃখ প্রকাশ করা হয়। প্রধান উপদেষ্টা ড. ফকরুদ্দীন আহমদ এ ঘটনায় গভীর দুঃখ প্রকাশ করে সংশ্লিষ্ট সকলকে শান্ত থাকার আহ্বান জানিয়েছেন। বিশেষ করে বিশ্ববিদ্যালয়ের যেসব ছাত্রছাত্রী এ ঘটনায় আহত হয়েছেন তাদের প্রতি গভীর সমবেদনা জানান তিনি। একই সঙ্গে গত দুদিনের এ অপ্রত্যাশিত ও অসহনীয় ঘটনার জন্য দায়ী ব্যক্তিদের

৭১২৪৪১১

বিচার বিভাগীয় তদন্তের

প্রথম পৃষ্ঠার পর

শনাক্ত করে তাদের বিরুদ্ধে যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের আহ্বাস দেন তিনি। গতকাল (মঙ্গলবার) বিকেলে প্রধান উপদেষ্টার কার্যালয়ে তাঁর সভাপতিত্বে অনুষ্ঠিত এক বৈঠকে বৈঠক শেষে ড. ফকরুদ্দীন আহমদ সরকার প্রতি এ আহ্বান জানান। বৈঠকে সরকারের সংশ্লিষ্ট উপদেষ্টাগণসহ সেনাবাহিনী প্রধান, স্বরাষ্ট্র সচিব, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো.ভাইস চ্যান্সেলর, আইন মহোদয়কারী সংগ্রহশেখার প্রধানগণ এবং উচ্চ পর্যায়ের সামরিক ও সেনাসামরিক কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

বৈঠক শেষে সরকারী এক বিবরণীতে বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে গত সোমবার সন্ধ্যা থেকে সংঘটিত ঘটনার পর প্রত্যাপটে পরিস্থিতি পর্যালোচনা শেষে ঘটনাস্থলের জন্য সরকার গভীর দুঃখ প্রকাশ করে নিম্নোক্ত সিদ্ধান্তগুলো গ্রহণ করেছে। এগুলো যথাক্রমে: ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে স্থাপিত সেনাক্যাম্পটি মঙ্গলবার রাত আটটা থেকে প্রত্যাহার করে নেয়ার কাজ শুরু করার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের পর সরকারী নির্দেশনা অনুযায়ী প্রধানমন্ত্রের কাছে করা হয় এবং আগ্রহের (পৃথক) মধ্যে এ প্রক্রিয়া সমাপ্ত করা হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে সংঘটিত গত দুদিনের ঘটনায় প্রকৃত দোষী ব্যক্তিদের চিহ্নিত করে তাদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে ঘটনার পর ওপর বিচার বিভাগীয় তদন্ত চালানো হবে। এছাড়াও পূর্বের যেসব মোতায়েন গত সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের বেলায় মাঠে সংঘটিত দুঃখজনক ঘটনায় ব্যাপারে সেনাবাহিনী ইতোমধ্যেই একটি তদন্ত শুরু করেছে। এ তদন্ত নিশ্চিতই শেষ করা হবে এবং এর ভিত্তিতে দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।

এদিকে আইএসপিআর জানায়, ঢাকা বিশ্ববিদ্যালয় বেলায় মাঠে গত সোমবারের ঘটনার অতিরিক্ত সেনাসমস্যাকে ক্যাম্প থেকে প্রত্যাহার এবং তার বিরুদ্ধে তদন্ত কার্যক্রম শুরু করা হয়েছে।